

প্রান্তিক কৃষক ও প্রান্তিক অন্যান্য জনগোষ্ঠীর জন্য আর্থিক সেবা/পণ্য

১০ (দশ) টাকা ব্যাংক হিসাবধারীদের জন্য বিশেষ কী ঋণ সুবিধা আছে?

১০ টাকা ব্যাংক হিসাবধারীগণ সহজ শর্তে ও স্বল্পসুদে ব্যাংক থেকে ঋণ নিতে পারবেন। বাংলাদেশ ব্যাংক এর আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় এ ধরনের হিসাবধারীদের জন্য প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধার/অব্যাহত রাখার নিমিত্তে ৫০০ কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কিম আছে। ব্যাংকগুলো এ স্কিমের আওতায় ১০ টাকার হিসাবধারীদের ঋণ প্রদান করে থাকে। এছাড়াও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য আরও অনেক ঋণ সুবিধা আছে যা ব্যাংক-এমএফআই লিংকেজ এর মাধ্যমেও বিতরণ করা হয়।

৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় সর্বোচ্চ কত টাকা ঋণ পাওয়া যাবে?

- গ্রাহকের প্রয়োজনীয়তা যাচাই সাপেক্ষে একজন গ্রাহক সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা পেতে পারেন;
- গ্রুপ ঋণের ক্ষেত্রে ২-৫ সদস্যের সমন্বয়ে গঠিত গ্রুপকে সদস্য প্রতি সর্বোচ্চ ৪ লক্ষ টাকা করে গ্রুপ প্রতি সর্বোচ্চ ২০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;
- তবে গ্রুপ ঋণ পরিশোধের ক্ষেত্রে গ্রুপের সকল সদস্যই ব্যক্তিগত ও যৌথভাবে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে।

এ ঋণের সুদ/মুনাফার হার কত?

- গ্রাহক পর্যায়ে প্রদত্ত ঋণের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৭%।

এ ঋণ পেতে কী কী কাগজ প্রয়োজন হয়?

- ঋণের আবেদনপত্র ফরম পূরণ করতে হয়;
- আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- দুই/ততোধিক ব্যক্তিগত গ্যারান্টি;
- পেশার সপক্ষে কোনো কাগজ বা ব্যাংক এর চাহিদা মোতাবেক অন্য কোনো প্রত্যয়নপত্র।

ব্যাংক যদি ঋণ দিতে অস্বীকৃতি জানায় বা গড়িমসি করে তবে করণীয় কী?

গ্রাহক স্বার্থ সংরক্ষণ সম্পর্কিত বিষয়ানুযায়ী ব্যবস্থা নিতে হবে।

৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল ছাড়া প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বাংলাদেশ ব্যাংক এর অর্থায়নে আর কী ঋণ সুবিধা আছে?

৩,০০০ (তিন হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল

করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠী তথা নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকান্ড চলমান রাখার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল (Revolving Refinance Scheme) গঠন করা হয়েছে।

৩০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় কারা ঋণ পাবার যোগ্য?

- ‘নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী’ অর্থাৎ স্থানীয়ভাবে কৃষি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন শ্রেণি/পেশার স্থানীয় উদ্যোক্তা ও পেশাজীবী ব্যক্তি বা প্রতিষ্ঠান;
- অতিদরিদ্র, দরিদ্র অথবা কোনো অনগ্রসর গোষ্ঠীভুক্ত ব্যক্তি, অসহায়/নিগৃহীত নারী, কোভিড-১৯ এর প্রভাবে ক্ষতিগ্রস্ত এবং বিদেশ থেকে প্রত্যাগত ব্যক্তিগণ এ ঋণ/বিনিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তবে, মোট ঋণ/বিনিয়োগের কমপক্ষে ২৫% নারীদের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে।

৩০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় কোন্ কোন্ প্রতিষ্ঠান ঋণ/আগাম প্রদান করে থাকে?

- বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক তাদের নিজস্ব শাখার মাধ্যমে ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান করে থাকে;
- ব্যাংক ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের (MFI) মধ্যে চুক্তির মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান তাদের সদস্যদের অনুকূলে ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ করে থাকে।

৩০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় প্রদত্ত ঋণ/আগামের সুদ/মুনাফার হার/ফি/চার্জ/খরচ কত?

- MFI কর্তৃক গ্রাহক পর্যায়ে বার্ষিক সুদ/মুনাফা/সার্ভিস চার্জের হার হবে সর্বোচ্চ ৯%। এছাড়া, ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান এর সদস্যদের ভর্তি ফি, পাস বই, ঋণ ফরম এবং নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামার খরচ ব্যতীত অন্য কোন চার্জ/ফি আদায় করা হবে না;
- তফসিলি ব্যাংক কর্তৃক সরাসরি ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে বিতরণকৃত ঋণ/আগামের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৭%। স্ট্যাম্প ফি, এসএমএস চার্জ ও সরকারী আবগারী শুল্ক ব্যতীত অন্য কোন চার্জ/ফি আদায় করা হবে না।

৩০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ/আগামের পরিমাণ কত?

- MFI কর্তৃক একক গ্রাহকের ক্ষেত্রে ক্ষুদ্র ঋণ/আগামের পরিমাণ হবে সর্বোচ্চ ৭৫.০০ (পঁচাত্তর) হাজার টাকা;
- আয় উৎসারী কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ (Group of Persons) এর সমন্বয়ে গঠিত গ্রুপভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট গ্রুপের অনুকূলে ঋণ/আগামের পরিমাণ হবে সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা;
- MFI কর্তৃক নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/আগামের পরিমাণ হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/আগামের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা;
- তফসিলি ব্যাংক কর্তৃক সরাসরি নির্বাচিত ক্ষুদ্র উদ্যোক্তার অনুকূলে এককভাবে ঋণ/আগামের পরিমাণ হবে সর্বোচ্চ ১৫.০০ (পনের) লক্ষ টাকা এবং ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট যৌথ প্রকল্পে (গ্রুপ) ঋণ/আগামের পরিমাণ হবে সর্বোচ্চ ৬০.০০ (ষাট) লক্ষ টাকা।

৩০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় ঋণ/আগাম গ্রহণ করতে কী কী কাগজের প্রয়োজন হয়?

- ঋণের আবেদনপত্র ফরম পূরণ;
- আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- গ্রাহকের ছবি;
- দুই/ততোধিক ব্যক্তিগত গ্যারান্টি;
- পেশার সপক্ষে কোনো কাগজ বা ব্যাংক এর চাহিদা মোতাবেক অন্য কোনো প্রত্যয়নপত্র বা কাগজ।